দৈনিক ইত্তেফাক

তারিখ JUN. 3 1999
পৃষ্ঠা কলাম

## ঢাকা বিশ্ববিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয় উচ্চতর সামাজিক বিজ্ঞান গবেষণা কেন্দ্রের উদ্যোগে গত ৩১শে মে কেন্দ্রের সেমিনার কক্ষে "জনপ্রশাসন সংস্কার/প্রশাসনিক বিকেন্দ্রীকরণ" শীর্ষক এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি ছিলেন জনপ্রশাসন সংস্কার কমিশনের চেয়ারম্যান এ. টি. এম শামসুল হক।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর অধ্যাপক মোঃ শাহাদত আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত এই মতবিনিময় সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ফলিত পদার্থবিজ্ঞান ও ইলেকট্রনিক্স বিভাগের অধ্যাপক আনোয়ার হাসান, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক আতাউর রহমান, ইতিহাস বিভাগের চেয়ারম্যান অধ্যাপক এ. বি. এম. মাহমুদ, ভূগোল বিভাগের অধ্যাপক লুৎফুল হক, দর্শন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক আনিসুজ্জামান, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক আমিনুর রহমান, লোক প্রশাসন বিভাগের অধ্যাপক আনিসুজ্জামান এবং অধ্যাপক কলিমুল্লাহ। কেন্দ্রের পরিচালক অধ্যাপক গিয়াসউদ্দিন আহমেদ সভায় স্বাগত ভাষণ দেন।